গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২০

**কাজ শুধু শিখলেই হবে না, এর মাধ্যমে আত্মনির্ভরশীল হতে হবে**
**জাতীয় মহিলা সংস্থার প্রশিক্ষণার্থীদের উদ্দেশে জেলা প্রশাসক**

রাজশাহী, ০১ শ্রাবণ (১৬ জুলাই):

রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার বলেছেন, প্রশিক্ষণ থেকে শুধু নিজে কাজ শিখলে হবে না, এর মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়ার চেষ্টা করতে হবে। প্রশিক্ষণকে অর্থনৈতিক সাবলম্বীতার হাতিয়ারে পরিণত করতে হবে।

তিনি আজ (১৬ জুলাই) জাতীয় মহিলা সংস্থার সিরোইল প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত ৭টি কোর্সের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের উদ্দেশে এসব কথা বলেন।

আফিয়া আখতার বলেন, সমাজের অর্ধেক জনগোষ্ঠী যদি পিছিয়ে থাকে তবে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। তিনি আগামী দিনে এগিয়ে যাওয়ার চ্যালেঞ্জ মোকাবেলা করে নিজেদের প্রতিষ্ঠিত করতে প্রশিক্ষণার্থীদের উৎসাহ প্রদান করেন।

এসময় জেলা প্রশাসক প্রশিক্ষণার্থীদের তৈরি বিভিন্ন পণ্য ঘুরে দেখেন এবং তাদের হাতের কাজের প্রশংসা করেন।

উল্লেখ্য যে, জাতীয় মহিলা সংস্থা বেকার ও সুবিধাবঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও আত্মনির্ভরশীলতা অর্জনে ১৮ হতে ৪৫ বছর বয়সী নারীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে। এবারের প্রশিক্ষণে দুই ব্যাচে সাতটি ট্রেডে ৩৫০ জন নারী অংশগ্রহণ করেন। ট্রেডগুলো হচ্ছে বিজনেস ম্যানেজমেন্ট এন্ড ই-কমার্স, হাউজ কিপিং, বেবী কেয়ার, বিউটিফিকেশন, ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট, ক্যাটারিং এবং ফ্যাশন ডিজাইন।

.................................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৩:৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd